# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 06 April, 2025

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি হামলার প্রতিবাদে ‘গ্লোবাল স্ট্রাইক ফর গাজা’ কর্মসূচির অংশ হিসেবে আগামী ৭ এপ্রিল (২০২৫) ক্লাস, ল্যাব ও পরীক্ষায় অংশ না নেওয়ার ঘোষণা দিয়েছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সাধারণ শিক্ষার্থীরা।

রোববার (৬ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পক্ষ থেকে একটি জরুরি নোটিশে এই ঘোষণা দেওয়া হয়।এতে বলা হয়, “আমরা, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা, গাজার জনগণের প্রতি আমাদের অটল সংহতি প্রকাশ করছি।আমরা ‘গ্লোবাল স্ট্রাইক ফর গাজা’তে অংশগ্রহণের মাধ্যমে সন্ত্রাসী ইসরায়েলি দখলদারিত্ব, নির্যাতন ও অবিচারের বিরুদ্ধে আওয়াজ তুলছি।এজন্য আমরা কোনো ক্লাস, ল্যাব কিংবা পরীক্ষায় অংশ নেব না।”

নোটিশে আরও উল্লেখ করা হয়, “এটি কেবল একটি আঞ্চলিক রাজনৈতিক ইস্যু নয়, এটি মানবাধিকার, ন্যায়বিচার ও মর্যাদার বিষয়।এমন সময়ে নীরবতা সহঅপরাধের সমান।তাই আমরা শান্তি, স্বাধীনতা ও মানবাধিকারের পক্ষে অবস্থান নিচ্ছি।”

এই সিদ্ধান্তের পূর্বে ‘□□□□ □□□ □□□□□□□□□□ & □□□ □□□□□□□’ নামের একটি ফেসবুক গ্রুপে শিক্ষার্থীদের মতামত নেওয়া হয়।সেখানে বিপুল সংখ্যক শিক্ষার্থী এই উদ্যোগের প্রতি সমর্থন জানান।

এ বিষয়ে নোয়াখালী জেলা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন (বৈছাআ)-এর সদস্য সচিব ও নোবিপ্রবির শিক্ষার্থী বনি ইয়ামিন বলেন, “এখন নীরব থাকা মানে অন্যায়ের পক্ষে অবস্থান নেওয়া।বিশ্বব্যাপী যখন গাজাবাসী নির্মম গণহত্যার শিকার, তখন আমাদের স্পষ্ট অবস্থান নেওয়া আবশ্যক।তাই আমরা শান্তিপূর্ণভাবে ক্লাস ও ল্যাব বর্জনের মাধ্যমে গাজার মানুষের পাশে দাঁড়ানোর সংকল্প নিয়েছি।”

তিনি আরও জানান, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে জানা গেছে যে ৭ এপ্রিল বিশ্ববিদ্যালয়ে কোনো সেমিস্টার পরীক্ষা নির্ধারিত নেই।ফলে শুধুমাত্র ক্লাস ও ল্যাব কার্যক্রমে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

শিক্ষার্থীরা ‘□□□□□□□ □□□ □□□□□□□□□, □□□□□□□ □□□ □□□□’ স্লোগানে একাত্মতা প্রকাশ করছেন। একইসাথে সামাজিক মাধ্যমে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যবহার করছেন হ্যাশট্যাগ: #□□□□□□□□□□□□□ #□□□□□□□□□□□□□ #□□□□□□□□□□□□□

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

ফিলিস্তিন গণহত্যা গাজা ইসরায়েল হামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:20

URL: https://www.timestodaybd.com/public/campus/381921040